



বিষয়ঃ শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২০২৩-২৪ অর্থ বছরের ৩য় সভার কার্য-বিবরণী।

- ১। সভার সভাপতি : জনাব মীর খায়রুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ২। সভার তারিখ ও সময় : ২৮/০৩/২০২৪ খ্রিঃ, বৃহস্পতিবার, সকালঃ ১১.০০ ঘটিকা
- ৩। সভার স্থান : নগর ভবন, সভা কক্ষ (লেভেল-৮), প্রট#২৩-২৬, রোড# ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২
- ৪। সভার উপস্থিতি : পরিশিষ্ট-“ক”
- ৫। আলোচনা:
 - ৫.১ সভার সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। এরপর তিনি নৈতিকতা ও শুদ্ধাচার বর্তমান কোয়ার্টারের কার্যক্রমের বিষয়ে সভার নিকট থেকে আলোচনা আহ্বান করেন। নৈতিকতা কমিটি Organizational Ethics নিশ্চিত করে বিধায় ‘এ’ সংক্রান্ত সভায় সংশ্লিষ্ট বিভাগ প্রধানগণকে উপস্থিত থাকার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।
 - ৫.২ সভায় সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অবহিত করেন যে, শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বিভিন্ন কোয়ার্টারের শেষে এসে দেখা যায়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল লক্ষ্যমাত্রা সঠিকভাবে বাস্তবায়ন করা হচ্ছেনা। এরপর তিনি মত প্রকাশ করেন, শুদ্ধাচার বিষয়টি সরকারের অতি গুরুত্বপূর্ণ একটি কার্যক্রম বিধায় প্রতিটি কমপোনেন্ট সঠিক ভাবে বাস্তবায়ন এবং ‘এ’ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করতে হবে, সকল বিভাগকে ‘এ’ বিষয়ে দায়িত্বশীল হয়ে সঠিকভাবে প্রতিবেদন প্রদান করতে হবে।
- ৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	প্রতি অর্থ-বছরে ডিএনসিসি কর্তৃক গৃহীত প্রকল্প সমূহের ৮ (আট) টি পিআইসি (প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি) সভা আয়োজন নিশ্চিত করতে হবে। প্রকল্প পরিচালকদের প্রকল্পের নির্ধারিত সংখ্যক পিআইসি সভা আয়োজন করতে হবে এ কার্যবিবরণী প্রাপ্তির ১ সপ্তাহের মধ্যে নৈতিকতা কমিটি বরাবর প্রেরণ করতে হবে। এছাড়া প্রতি কোয়ার্টারে পিআইসি কমিটির সভা সঠিক ভাবে আয়োজন করা না হলে তা কারণসহ ব্যাখ্যা প্রদান করতে হবে।	প্রকল্প পরিচালক
২।	নথি বিনষ্টকরণের এবং সংরক্ষণের জন্য ডিএনসিসি'র রেকর্ডরুম গাভতলিতে স্থানান্তর করা হয়েছে। রেকর্ডরুমে যথাযথভাবে নথি ডিসপোজাল করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকৌশল বিভাগ
৩।	ডিএনসিসি'র টিএন্ডই ভুক্ত ও বহির্ভূত মালামালের তালিকা করতে হবে। আঞ্চলিক পর্যায়ে কি ধরনের মালামাল বিনষ্ট করা হচ্ছে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ সে সংক্রান্ত প্রতিবেদন প্রদান করবেন।	পরিবহন বিভাগ ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা
৪।	কর্ম পরিবেশ উন্নয়ন ও পরিষ্কার পরিচ্ছন্নতার বৃদ্ধির দিকে লক্ষ্য রেখে কর্মচারীদের	ভান্ডার বিভাগ

	দাপ্তরিক পোশাক সরবরাহ করতে হবে। উল্লেখ্য কর্মচারীদের পোশাক টেন্ডার হওয়ার পরও কেন তা প্রদানে বিলম্ব হচ্ছে 'সে' বিষয়ে ভান্ডার বিভাগ কর্তৃক সুনির্দিষ্ট তথ্য সহ উপস্থাপন করতে হবে।	
৫।	প্রতিটি বিভাগ ও প্রকল্পসমূহকে প্রতি অর্থবছরের শুরুতে পিপিআর অনুযায়ী নির্ধারিত ফরমেট অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রনয়ন করতে হবে।	বিভাগীয় প্রধান ও প্রকল্প পরিচালক
৬।	প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বিলের TIN নাম্বার ও ট্যাক্স জমার প্রত্যয়ন সহ বেতন বিল প্রদান করতে হবে। সকল কর্মকর্তা কর্মচারীদের আবশ্যিকভাবে TIN নাম্বার খুলতে করতে হবে। 'এ' বিষয়ে হিসাব বিভাগ থেকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	হিসাব বিভাগ
৭।	নৈতিকতা কমিটির সভায় বিভাগীয় প্রধানদের অগ্রগতিসহ সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকতে হবে।	নৈতিকতা কমিটি

অতঃপর সভাপতি উপরোক্ত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।


(মীর খায়রুল আলম)

সভাপতি, নৈতিকতা কমিটি

ও

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

তারিখঃ ০৬/০৮/২০২৪


স্মারক নংঃ ৪৬.১০.০০০০.০৪৪.৯৯.১১৭.২১-৫৩৫

অনুলিপি-কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন -সদস্য
- ২। প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন -সদস্য
- ৩। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন -সদস্য
- ৪। প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন -সদস্য
- ৫। মহাব্যবস্থাপক পরিবহন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন -সদস্য

অনুলিপি-সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। বিভাগীয় প্রধান(সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ২। প্রকল্প পরিচালক (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা(সকল)..... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ডিএনসিসি (মেয়র মহোদয়কে অবহিত করার জন্য)


(ফারজানা ববি)

সদস্য সচিব, নৈতিকতা কমিটি ও সহ-নগর পরিকল্পনাবিদ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন